দৈনিক
ইনকিলাব

29 JUN 2003
পৃষ্ঠা ... কলাম ...

# বাজেটে শিক্ষক-কর্মচারীদের জন্য বেতন ও মহার্ঘ্যভাতা ১০ ভাগ বৃদ্ধির ব্যবস্থা করুন

## —শিক্ষক-কর্মচারী ঐক্যজোট

**স্টাফ রিপোর্টার ঃ** বেসরকারী শিক্ষক-কর্মচারীদের জন্য শতকরা ১০ ভাগ বর্ধিত বেতন ও শতকরা ১০ ভাগ মহার্ঘ্যভাতা প্রদানের জন্য বাজেটে অর্থ বরাদ্দ না রাখায় শিক্ষক-কর্মচারী ঐক্যজোট বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি ও অধ্যক্ষ পরিষদের নেতৃবৃন্দ তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন।

গতকাল শনিবার মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের বর্ধিত সভা এবং কলেজ শিক্ষক সমিতি ও অধ্যক্ষ পরিষদের যৌথসভায় নেতৃবৃন্দ অবিলম্বে শতকরা ১০ ভাগ বর্ধিত বেতন, শতকরা ১০ ভাগ মহার্ঘ্যভাতা প্রদান, জনবল কাঠামো সংশোধন, পদোন্নতি, বাড়ীভাড়া ভাতা প্রদানসহ মেডিকেল ভাতা ও বার্ষিক ইনক্রিমেন্ট সংক্রান্ত কমিটির রিপোর্ট প্রকাশের দাবী করা হয়।

ঐক্যজোটের সভায় সভাপতিত্ব করেন প্রফেসর এম শরীফুল ইসলাম এবং যৌথসভায় সভাপতিত্ব করেন চৌধুরী জাহিদ হোসেন, বক্তব্য রাখেন সমন্বয়কারী সেলিম ভূঁইয়া, মোহাম্মদ মাজহারুল হান্নান, মাওলানা এমএ লতিফ, হাজী আব্দুর রাজ্জাক, মাওলানা যাইনুল আবেদীন, রহিমা খন্দকার, মজিবুর রহমান, অধ্যাপক ইসহাক হোসেন, সিদ্দিকুর রহমান, মুজিবুর রহমান হাওলাদার প্রমুখ।

সভায় শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের গঠনতন্ত্র অনুমোদন করা হয়।